অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/22/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর HOCHUL SUNY DOWNSTATE-এর রূপান্তরের জন্য প্রায় 1 বিলিয়ন মার্কিন ডলার দেওয়ার প্রতিশ্রুতি দিলেন

SUNY Downstate-এর ভবিষ্যতের জন্য একটি আর্থিকভাবে দায়িত্বশীল, দীর্ঘমেয়াদি পরিকল্পনা তৈরির জন্য আজকে কমিউনিটি অ্যাডভাইজরি বোর্ড তাদের তিনটি পাবলিক হিয়ারিংয়ের মধ্যে প্রথমটি আজকে আয়োজন করেছে

গভর্নর Hochul FY 2026-এর এক্সিকিউটিভ বাজেটে ফ্যাসিলিটির জন্য যে 550 মিলিয়ন মার্কিন ডলার দেওয়া হয়েছে তা তুলে ধরেন, এটি গত বছরের 400 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগকে অগ্রসর করে

অ্যাডভাইজরি বোর্ড বিনিয়োগের জন্য 750 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত নিউ ইয়র্ক স্টেট ক্যাপিটাল তহবিল বিবেচনা করতে পারে

কমিউনিটি অ্যাডভাইজরি বোর্ডের (Community Advisory Board) তিনটি পাবলিক হিয়ারিংয়ের প্রথমটির সময় গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে ফিসক্যাল ইয়ার (Fiscal Year, FY) 2026-এর এক্সিকিউটিভ বাজেটে State University of New York (SUNY) Downstate-এর জন্য 450 মিলিয়ন মার্কিন ডলার ক্যাপিটাল তহবিল এবং পরিচালনা কাজের সমর্থন হিসেবে 100 মিলিয়ন মার্কিন ডলারের কথা তুলে ধরেছেন। এই তহবিল FY 2025-এর পাশ করা বাজেটে দেওয়া 300 মিলিয়ন মার্কিন ডলার ক্যাপিটাল তহবিল এবং পরিচালনা তহবিল হিসেবে 100 মিলিয়ন মার্কিন ডলারের সাথে যোগ হবে, যার ফলে ফ্যাসিলিটির জন্য মোট 950 মিলিয়ন মার্কিন ডলার দেওয়ার অঙ্গীকার করা হয়েছে। FY 2025-এর পাশ করা বাজেটের অধীনে গভর্নর Hochul (হোকল) এবং আইনসভার (Legislature) প্রতিষ্ঠা করা কমিউনিটি অ্যাডভাইজরি বোর্ডকে ফ্যাসিলিটির দীর্ঘমেয়াদি আর্থিক স্বাস্থ্য ও স্থিতিশীলতা নিশ্চিত করার জন্য সুপারিশ তৈরি করার কাজ দেওয়া হয়েছে এবং তারা বিনিয়োগের জন্য 750 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত নিউ ইয়র্ক স্টেটের (New York State) ক্যাপিটাল তহবিলের সুপারিশ বিবেচনা করতে পারবে।

"Downstate-এর কমিউনিটি অ্যাডভাইজরি বোর্ড SUNY Downstate-এর দীর্ঘমেয়াদি আর্থিক স্থিতিশীলতা নিশ্চিত করতে সাহায্য করার অতি গুরুত্বপূর্ণ কাজ শুরু করেছে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "সেন্ট্রাল ব্রুকলিন (Central Brooklyn) কমিউনিটিকে জড়িত করার এবং SUNY Downstate যাতে তাদের কমিউনিটিতে স্বাস্থ্যসেবা দিয়ে যেতে পারে এবং আগামী জেনারেশনগুলির জন্য ডাইভার্স হেলথ কেয়ার ওয়ার্কফোর্স ট্রেইন করা চালিয়ে যেতে পারে তা

নিশ্চিত করার একটি সাস্টেনেবল পরিকল্পনা তৈরির জন্য অতি প্রয়োজনীয় ধাপ হলো এই পাবলিক হিয়ারিং।"

22 জানুয়ারি, 2025, বুধবার, সন্ধ্যা 6টায় SUNY Downstate Health Sciences University-তে অ্যাডভাইজরি বোর্ড তাদের প্রক্রিয়ার অংশ হিসেবে কমিউনিটির সদস্য এবং অন্যান্য স্টেকহোল্ডারদের কথা শোনার জন্য তাদের তিনটি পাবলিক হিয়ারিংয়ের প্রথমটি আয়োজন করে। আগামী সপ্তাহগুলিতে বাকি দুইটি পাবলিক হিয়ারিংয়ের বিস্তারিত ঘোষণা করা হবে।

Downstate-এর হাসপাতালগুলি সেন্ট্রাল ব্রুকলিনে ইনপেশেন্ট এবং আউটপেশেন্ট হেলথ কেয়ার সার্ভিস দিয়ে থাকে এবং তারা নিউ ইয়র্ক সিটি (New York City) এবং পুরো স্টেটে স্বাস্থ্য বৈষম্য সমাধানে গবেষণা ও বৃত্তি দিয়ে নেতৃত্ব দেয়।

গত বছর, SUNY Downstate-এর হাসপাতাল 100 মিলিয়ন মার্কিন ডলার বার্ষিক ঘাটতির মুখোমুখি হয় এবং বাড়তি তহবিল ছাড়া কাজ করতে না পারার ঝুঁকিতে পড়ে, একই সাথে তারা ভেঙ্গে পড়ছে এবং বিশাল সঙ্কট, যেমন সাম্প্রতিক বড় ইনফ্রাস্ট্রাকচার ঘটনার ক্ষেত্রে দুর্বল হয়ে পড়া একটি হাসপাতাল ফ্যাসিলিটি নিয়ে সংগ্রাম করেছে।

সাড়াদান করার জন্য গভর্নর Hochul (হোকল) Downstate-এর জন্য একটি সাস্টেনেবল ভবিষ্যৎ গঠনে কমিউনিটির নেতাদের জড়িত করার একটি পরিকল্পনা তৈরি করতে আইনসভা এবং SUNY-এর সাথে কাজ করেছেন এবং একটি ঐতিহাসিক ক্যাপিটাল বিনিয়োগ দিয়েছেন এবং অ্যাডভাইজরি বোর্ডের কাজ এটিকে গাইড করবে।

গত বছরের পাশ করা বাজেটে অ্যাডভাইজরি বোর্ডকে SUNY Downstate-এর আর্থিক স্বাস্থ্য, কার্যকারিতা এবং সাস্টেনিবিলিটির জন্য একটি যুক্তিসঙ্গত, স্কেলেবল এবং আর্থিকভাবে দায়িত্বশীল পরিকল্পনা তৈরির জন্য 750 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত ক্যাপিটাল বিনিয়োগের সুপারিশ বিবেচনা করার কাজ দেওয়া হয়েছে।

তাদের সুপারিশ তৈরি করতে অ্যাডভাইজরি বোর্ড সার্বিক হেলথকেয়ার সার্ভিস দেওয়ার ট্রেন্ড ও মডেল; হাসপাতাল এবং ক্যাম্পাসের জন্য অতীতের এবং ভবিষ্যতের জন্য অনুমান করা আর্থিক প্রয়োজন; বিল্ডিংয়ের ইন্‌ফ্রাস্ট্রাকচারের বর্তমান অবস্থা এবং ক্যাপিটাল চাহিদা; কমিউনিটির হেলথকেয়ার চাহিদা, ফলাফল, এবং স্বাস্থ্য বৈষম্য; বর্তমান ইনপেশেন্ট ও আউটপেশেন্ট সার্ভিস এবং স্বাস্থ্য ফলাফল; বৃহত্তর প্রাইমারি ও সেকেন্ডারি সার্ভিস ক্ষেত্রে ইনপেশেন্ট ও আউটপেশেন্ট সার্ভিসের ধারণক্ষমতা ও পাওয়ার সুযোগ; অপারেশনের দক্ষতা এবং হেলথকেয়ার সার্ভিসের মাণের বেঞ্চমার্ক স্থির করা; এবং স্টুডেন্ট ও চাকরির ফলাফলের ট্রেনিং চাহিদা বিবেচনা করবে।

সদস্যরা কমিউনিটি থেকে সরাসরি ইনপুট ও আইডিয়া নিতে এই পাবলিক হিয়ারিংগুলি ব্যবহার করবে। 1 এপ্রিল, 2025-এর মধ্যে গভর্নর ও আইনসভার কাছে লিখিত সুপারিশ জমা দেওয়া হবে।

স্টেটের হেলথ কমিশনার Dr. James McDonald (ডাঃ জেমস ম্যাকডোনাল্ড) বলেন, "পাবলিক হিয়ারিং শুরু হয়েছে, তাই SUNY Downstate Hospital-এর দীর্ঘমেয়াদি গতিপথ স্থির

করার জন্য আমাদের কাছে একটি অনন্য সুযোগ আছে। সেন্ট্রাল ব্রুকলিনের জন্য Downstate অতি গুরুত্বপূর্ণ, এবং এই প্রক্রিয়ার ফলে আমরা কমিউনিটির চাহিদা ও অগ্রাধিকার সম্পর্কে তাদের কাছ থেকে সরাসরি শুনতে পারবো। আগামী অনেক বছরের জন্য মানসম্পন্ন হেলথকেয়ার এবং শিক্ষা দেওয়ার ক্ষেত্রে Downstate-এর ক্ষমতা জোরদার করার একটি পরিকল্পনা তৈরি করতে অ্যাডভাইজরি বোর্ডের সাথে কাজ করতে আমি অঙ্গীকারবদ্ধ।"

SUNY-এর চ্যান্সেলর John B. King Jr. (জন বি কিং জুনিয়র) বলেন, "গত বছরজুড়ে যে ব্যাপকভাবে কমিউনিটিকে জড়িত করা হয়েছে তার উপর ভিত্তি করে এইসব পাবলিক হিয়ারিং শুরু করা হলো SUNY Downstate Hospital-এর ভবিষ্যতের আকৃতি দেওয়ার জন্য একটি অতি গুরুত্বপূর্ণ ধাপ। ডাইভার্স স্টেকহোল্ডারদের মতামতকে আমরা গাইড হিসেবে ব্যবহার করতে থাকবো যাতে করে আমরা নিশ্চিত করতে পারি যে ডাইভার্স মেডিকেল প্রফেশনালদের ট্রেইন করার ক্ষেত্রে এবং কমিউনিটির প্রয়োজনীয় হেলথকেয়ার দেওয়ার ক্ষেত্রে SUNY Downstate শীর্ষে থাকতে পারে। SUNY Downstate-এর আর্থিক স্বাস্থ্য, প্রাণশক্তি, এবং সাস্টেনিবিলিটির জন্য একটি যুক্তিসঙ্গত, স্কেলেবল, এবং আর্থিকভাবে দায়িত্বশীল পরিকল্পনার জন্য নজিরবিহীন 750 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত ক্যাপিটাল বিনিয়োগের সুপারিশ তৈরি করার জন্য আমি কমিউনিটি অ্যাডভাইজরি বোর্ডের সাথে কাজ করতে চাই।"

Dr. Enitza George (ডাঃ এনিটজা জর্জ), M.D., MBA, MSAI, বলেন, "প্রতিদিন আমরা যখন হাসপাতালে আসি তখন আমাদের মূল অগ্রাধিকার হয় আমরা যে রোগীদের সেবাদান করছি তাদের সেরা কেয়ার দিতে পারা। এবং আমাদের এলাকায় সেরা কেয়ার দেওয়া চালিয়ে যেতে পারবে এমন একটি সাস্টেনেবল হাসপাতাল তৈরি করার জন্য, আমরা কীভাবে ঐতিহাসিক 750 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করবো সে ব্যাপারে গাইড করতে কমিউনিটির একটি গুরুত্বপূর্ণ ভূমিকা থাকবে, যা এই পাবলিক হিয়ারিংগুলি দিয়ে শুরু হবে।"

Dr. Lesly Kernisant (ডাঃ লেজলি কার্নিস্যান্ট) বলেন, "এই হিয়ারিংগুলি হলো SUNY Downstate যাদের সেবাদান করে সেই ব্রুকলিয়েনের বাসিন্দাদের কথা সরাসরি শোনার একটি সুযোগ, এবং এই আলোচনাগুলি এমন একটি ভবিষ্যতের আকৃতি দিতে সাহায্য করবে যেখানে SUNY Downstate আর্থিকভাবে শক্তিশালী হবে এবং সেই সাথে হেল্থকেয়ারের নেতাদের ট্রেনিং দেওয়া এবং সেন্ট্রাল ব্রুকলিনের স্বাস্থ্য ফলাফল উন্নত করার তাদের মিশন চালিয়ে যেতে সক্ষম হবে।"

Citizens Budget Commission-এর প্রেসিডেন্ট Andrew Rein (অ্যান্ড্রু রেইন) বলেন, "কমিউনিটি হিয়ারিং শুরু হচ্ছে, তাই ব্রুকলিনের বাসিন্দারা কীভাবে তাদের প্রাপ্য মানসম্মত সেবা, এবং Downstate-এ হেলথ কেয়ার প্রফেশনালদের একটি ডাইভার্স সেট যে অতি গুরুত্বপূর্ণ শিক্ষা পায় তা যাতে পেতে থাকতে পারে তা নিশ্চিত করতে সাহায্য করার জন্য আমার মতো ব্রুকলিনের বাসিন্দা এবং অন্যান্য স্টেকহোল্ডাদের কথা শোনার জন্য আমি অতি আগ্রহী।"

প্যাস্টর Louis Hilton Straker Jr. (লুইস হিল্টন স্ট্রেকার জুনিয়র) বলেন, "SUNY Downstate হলো সেন্ট্রাল ব্রুকলিনের স্বাস্থ্য ও প্রাণশক্তির একটি ভিত্তিপ্রস্তর। এই হিয়ারিংগুলি আমাদের কমিউনিটিকে এর ভবিষ্যতের আকৃতি দেওয়ার এবং এটি যাতে পরিবারগুলির উন্নতই

করার এবং বিকাশ ও সমতার একটি ভিত্তি হিসেবে কাজ করে তা নিশ্চিত করার একটি সুযোগ দেয়।"

স্টেটের সিনেটর Zellnor Myrie (জেলনোর মাইরি) বলেন, "এই কমিউনিটি এটি স্পষ্ট করে দিয়েছে যে Downstate-এর ভবিষ্যতকে আকৃতি দিতে এবং ব্রুকলিনের হেলথকেয়ার চাহিদা পূরণ করতে আমরা একটি স্বচ্ছ, উন্মুক্ত প্রক্রিয়া আশা করছি। আগামী সপ্তাহ ও মাসগুলিতে এই অতি গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানকে রক্ষা করার জন্য এবং এটি যাতে আমাদের কমিউনিটিকে সেবাদান করার জন্য খোলা থাকে তা নিশ্চিত করার জন্য কলিগ ও প্রতিবেশীদের সাথে কাজ করতে আমি আগ্রহী।"

অ্যাসেম্বলির সদস্য Brian Cunningham (ব্রায়ান কানিংহ্যাম) বলেন, "SUNY Downstate-এর জন্য কমিউনিটি হিয়ারিং হলো হাসপাতাল এবং ইউনিভার্সিটির ভবিষ্যতে বাসিন্দা ও স্টেকহোল্ডারদের জড়িত করার গুরুত্বের একটি প্রমাণ। হাসপাতাল এবং হেলথ সাইন্স ইউনিভার্সিটির কাছে যাতে আগামী অনেক বছর ধরে ব্রুকলিনের ডাইভার্স কমিউনিটিকে সেবা দেওয়ার জন্য প্রয়োজনীয় রিসোর্স, স্টাফ, ও সমর্থন থাকে তা নিশ্চিত করার জন্য এটি একটি অতি গুরুত্বপূর্ণ সুযোগ।"

Brooklyn Community Board #17-এর চেয়ার Rodrick Daley (রড্রিক ড্যালি) বলেন, "অ্যাডভাইজরি বোর্ডকে কমিউনিটির সাথে জড়িত হওয়ার ক্ষমতা দেওয়ার ফলে আমাদের কাছে SUNY Downstate-কে এমন উপায়ে নতুন করে কল্পনা করার সুযোগ আছে যা সেন্ট্রাল ব্রুকলিনের মানুষদের সেরা সেবা দিতে পারবে। একসাথে কাজ করে আমরা নিশ্চিত করবো যাতে Downstate ভালো মাণের শিক্ষা দিয়ে যেতে পারে এবং আমাদের কমিউনিটির স্বাস্থ্য ও সুস্থতার জন্য একটি অতি গুরুত্বপূর্ণ রিসোর্স হয়ে থাকতে পারে।"

NYC Health and Hospitals-এর সাবেক এক্সিকিউটিভ Claire Patterson (ক্লেয়ার প্যাটার্সন) বলেন, "সেন্ট্রাল ব্রুকলিনের জন্য SUNY Downstate একটি লাইফলাইন হয়ে আছে, তারা অতি গুরুত্বপূর্ণ হেলথকেয়ার সার্ভিস এবং শিক্ষার সুযোগ দিচ্ছে যা আমাদের কমিউনিটির উন্নতি করে। Downstate-এর ভবিষ্যৎ যাতে তারা যাদের সেবাদান করে তাদের অগ্রাধিকার অনুযায়ী হয়, এবং একই সাথে আমাদের পরিবারগুলিকে সেবা দেওয়ার এবং পরের জেনারেশনের হেলথকেয়ার প্রফেশনালদের ট্রেইন করার ক্ষমতা জোরদার করা নিশ্চিত করার জন্য এই হিয়ারিংগুলি আমাদেরকে সুযোগ দিচ্ছে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন